উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ফেব্রুয়ারি/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় ঃ ২৮-০২-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যাতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার হাজিরা রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত ইউনিয়ন চেয়ারম্যান/কর্মকর্তাগণ এই সভাসহ গত দুই সভায় অনুমতি ব্যতীত অনুপস্থিত ছিলেন।<br>১) উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>২। সহকারী পরিচালক (সিপিপি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৩) সহকারী সেটেলমেন্ট অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৪) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>পর পর তিন সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত ২০.০২.২০২৩ খ্রি: তারিখে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। মোট ৪২৯৯৬ জন শিশুকে উচ্চ ক্ষমতাসম্পন্ন ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে। শিশুদের পুষ্টিমান উন্নয়নে এটি বিশেষ ভূমিকা পালন করবে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ৩০০০ কৃষকদের মধ্যে বিনামূল্যে সার ও আউশ ধান বীজ বিতরন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সহায়তা চান। প্রত্যেক কৃষক ৫ কেজি আউশ ধানের বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিতরন করা হবে। এছাড়া উপজেলা কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান। | প্রকৃত কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা কৃষি অফিসার।<br>খ) সকল ইউপি চেয়ারম্যন |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, স্মার্ট লাইভ স্টক, স্মার্ট বাংলাদেশ এই প্রতিপাদ্যকে সামনে রেখে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কোম্পানীগঞ্জ, নোয়াখালী কর্তৃক প্রাণিসম্পদ প্রদর্শণী-২০২৩ সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৫। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ চরহাজারী ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে ২৪/৭ চালুর নিমিত্ত ঐ ইউনিয়নের চেয়ারম্যান একজন প্যারামেডিক্স নিয়োগ দেন এবং আগামী মার্চে ঐ স্বাস্থ্য কেন্দ্রে নরমাল ডেলিভারি চালুর উদ্যোগ নেয়া হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৭। মৎস্য বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>ক) সুষ্ঠুভাবে বিশেষ কম্বিং অপারেশন-২০২৩ সম্পন্ন হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| খ) ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প এর আওতায় ২০টি বকনা বাছুর বিতরন করা হয়েছে। এছাড়া উপজেলা মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান | | |
| ৮। উপজেলা প্রকৌশল ঃ ২০২২-২৩ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় প্রাপ্ত প্রকল্প সমূহ বাচাই কমিটি কর্তৃক যাচাই করে পরিশিষ্ট-গ এবং ঘ তালিকা সুপারিশ করা হয়। | (ক) সুপারিশকৃত পরিশিষ্ট-গ এবং ঘ তালিকা ও প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং প্রকল্প সমূহ পিপিআর অনুযায়ী টেন্ডার/কোটেশন/প্রকল্প কমিটি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৯। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>ক) মা ও শিশু সহায়তা কর্মসূচির ইউনিয়ন পর্যায়ের তালিকা প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।<br>খ) ভিডব্লিউ কার্ড দেখানো ইউনিয়ন হতে (চরকাঁকড়া, চরফকিরা, চরহাজারী) পাওয়া যায় নি। অতি সত্বর উপজেলা মহিলা বিষয়ক অফিসে প্রেরণ করার অনুরোধ করেন। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। নদী ভাঙ্গনের কারনে সুবিধাভোগীরা আশ্রয়ন প্রকল্পে নিয়মিত থাকেনা ফলে টাকা আদায়ের পরিমান কম হয়। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সরকারি অর্থায়নে বিশ্ব সাহিত্য কেন্দ্রের বাস্তবায়নে কোম্পানীগঞ্জ উপজেলার ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে পাঠ্যভ্যাস উন্নয়ন কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ উপলক্ষে ২২.০২.২০২৩ খ্রি: তারিখ এ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়। বিনামূল্যে প্রাপ্ত সকল পাঠ্যপুস্তক প্রতিষ্ঠান পর্যায়ে প্রেরণ করা হয়েছে। | পাঠ্যভ্যাস উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১২। পরিসংখ্যান বিভাগ ঃ ২৭ ফেব্রুয়ারি ২০২৩ জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপনে সহযোগীতা করার জন্য উপজেলা প্রশাসন ও সকল বিভাগীয় কর্মকর্তাগণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিবিএস কর্তৃক স্বাক্ষরতা জরিপ শুরু হবে ১ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত। অত্র উপজেলায় ১০ টি পিএসইউ তে কাজ চলবে, এ বিষয়ে সকলকে সহযোগিতার অনুরোধ করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। সহকারী প্রোগ্রামার ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার বলেন,<br>ক) ওয়েব পোর্টাল এর সার্ভার মাইগ্রেশন এর কাজ সম্পন্ন হয়েছে।<br>খ) ই-নথি এর কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১৪। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। সেচ মৌসুম হওয়ায় রাত ১১:০০ টা থেকে ভোর ৫:০০ টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ১৫। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবা, অনলাইন সেবা, প্রাথমিক স্বাস্থ্য সেবা, কৃষি ও ব্যবসায় সম্পর্কিত তথ্য সেবা এবং উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ১৬। চেয়ারম্যান, ০৭ নং মুছাপুর ইউপি, কোম্পানীগঞ্জ নোয়াখালী তার ইউনিয়নে ০৪নং ওয়ার্ডের রাস্তা সংস্কারের বিষয়ে কথা বলেন। বাংলা বাজারের বাজার ব্যবস্থাপনা কমিটি গঠনের বিষয়ে সহযোগিতা কামনা করেন এবং তার ইউনিয়নে জেলেদের অভিযোগের বিষয়ে প্রতিবদেন প্রদানের বিষয়ে অবহিত করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সকল বিভাগের নির্দিষ্ট যে সকল কার্যক্রম চলমান আছে তার সম্পর্কে অবগত করার অনুরোধ করেন। বকনা বাছুর সুনির্দিষ্ট ইউনিয়নে দেয়া হয়েছে মর্মে মৎস্য কর্মকর্তাকে চিঠি প্রদানের বিষয়ে অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৮। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল, উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদে কমপ্লেক্স নতুন ভবনে এবং পুরাতন ভবনে নিম্নোক্তভাবে বিভিন্ন দপ্তর/অফিসসমূহ স্থানান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

নতুন কমপ্লেক্স ভবন

| ক্র: নং | দপ্তরের নাম | ফ্লোর/তলা | কক্ষ নম্বর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস চেয়ারম্যান | ১ম তলা | ০১ |
| ০২ | হিসাবরক্ষন অফিস | ১ম তলা | ০২,০৩ ও ০৮ |
| ০৩ | কনফারেন্স রুম | ১ম তলা | ০৯ ও ১০ |
| ০৪ | উপজেলা চেয়ারম্যান | ২য় তলা | ০১ |
| ০৫ | সিএ টু উপজেলা চেয়ারম্যান | ২য় তলা | ০২ |
| ০৬ | সিএ টু উপজেলা নির্বাহী অফিসার | ২য় তলা | ০৩ |
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসার | ২য় তলা | ০৪ |
| ০৮ | উপজেলা নির্বাহী অফিস স্টাফ রুম | ২য় তলা | ০৬, ০৭, ০৮ ও ০৯ |
| ০৯ | সহকারী প্রোগ্রামার | ২য় তলা | ১০ |
| ১০ | উপজেলা প্রকৌশল অফিস | ৩য় তলা | ০১, ০২, ০৩ ০৪ ও ০৮ |
| ১১ | বিএডিসি | ৩য় তলা | ০৭ |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৩য় তলা | ০৯, ১০ ও ১১ |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | ৪র্থ তলা | ০১ ও ০২ |
| ১৪ | উপজেলা মৎস্য অফিস | ৪র্থ তলা | ০৩ ও ০৪ |
| ১৫ | উপজেলা সমবায় অফিস | ৪র্থ তলা | ০৭ ও ০৮ |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান অফিস | ৪র্থ তলা | ০৯ ও ১০ |

পুরাতন ভবন-১ (১ম তলা)

| ক্র: নং | বর্তমান অফিস | বরাদ্দকৃত অফিস |
|---|---|---|
| ০১ | মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস | যুব উন্নয়ন অফিস |
| ০২ | মহিলা বিষয়ক স্টাফ রুম | মহিলা বিষয়ক ও পরিংখ্যান অফিসের স্টোর রুম |
| ০৩ | মৎস্য অফিসের স্টাফ কক্ষ | মৎস্য অফিসের স্টোর রুম |
| ০৪ | মৎস্য অফিসারের কক্ষ | যুব উন্নয়ন অফিস |
| ০৫ | কৃষি অফিসের স্টাফ রুম | সংরক্ষিত |
| ০৬ | কৃষি অফিসারের রুম | সংরক্ষিত |
| ০৭ | নাস্তার রুম | উপজেলা শিল্পকলা একাডেমী কাম ট্রেনিং সেন্টার |
| ০৮ | হলরুম | |

পুরতান ভবন-১ (২য় তলা)

| ক্র: নং | বর্তমান অফিস | বরাদ্দকৃত অফিস |
|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় অফিসারের রুম | উপজেলা সেটেলমেন্ট অফিস |
| ০২ | সমবায় অফিস | |
| ০৩ | উপজেলা পরিসংখ্যান অফিস | |
| ০৪ | সমাজসেবা অফিসারের রুম | |
| ০৫ | সমাজসেবা স্টাফ রুম | |
| ০৬ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ০৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক স্টাফ রুম | |
| ০৯ | উপজেলা ভাইস চেয়ারম্যান কক্ষ | সংরক্ষিত |
| ১০ | উপজেলা পরিষদ স্টাফ রুম | |
| ১১ | উপজেলা পরিষদ চেয়ারম্যান | |

পুরাতন ভবন-০২ (১ম তলা)

| ক্র: নং | বর্তমান অফিস | বরাদ্দকৃত অফিস |
|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী অফিসের স্টাফ রুম | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় |
| ০২ | উপ-সহকারী প্রকৌশলীর কক্ষ | |
| ০৩ | উপজেলা সহকারী প্রকৌশলীর কক্ষ | এলজিইডির ল্যাব ও স্টাফ কক্ষ, এলজিইডির গুদাম |

গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স নতুন ভবনে এবং পুরাতন ভবনে বিভিন্ন দপ্তর/অফিসসমূহ প্রস্তাব অনুযায়ী স্থানান্তরের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) কোম্পানীগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে শূন্য পদে নিয়োগকৃত ১৮ জন গ্রাম পুলিশের পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের (নতুন ভবন) চলাচলের পথ তৈরির জন্য ভবনের সামনের পুরাতন দেয়াল ভাঙ্গার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা পরিষদ লাইব্রেরী কাম ল্যাঙগুয়েজ ক্লাব নির্মানের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন ও সিপিপি অফিস স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা পরিষদ পুরাতন ভবনের সম্মেলন কক্ষটি উপজেলা শিল্পকলা একাডেমী কাম-ট্রেনিং সেন্টার হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| ০৪ | উপজেলা প্রকৌশলীর রুম | |
| ০৫ | উপজেলা প্রকৌশলীর স্টাফ রুম | |
| ০৬ | হিসাবরক্ষন অফিস স্টাফ রুম | সংরক্ষিত |
| ০৭ | হিসাবরক্ষন অফিস স্টাফ রুম | সমাজসেবা অফিস |
| ০৮ | হিসাবরক্ষন অফিসারের রুম | |

পুরাতন ভবন-০২ (২য় তলা)

| ক্র: নং | বর্তমান অফিস | বরাদ্দকৃত অফিস |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ | সংরক্ষিত |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের স্টাফ কক্ষ | উপজেলা ডিজিটাল সেন্টার |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসারের স্টাফ কক্ষ | অফিসার্স জিম |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসারের স্টোর রুম | স্টোর রুম |
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন স্টাফ রুম | গুদাম |
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কক্ষ | উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) |

(গ) কোম্পানীগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে শূন্য পদে ১৮ জন গ্রাম পুলিশ নিয়োগ করা হয়েছে।

(ঘ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের (নতুন ভবন) চলাচলের পথ তৈরির জন্য ভবনের সামনের পুরাতন দেয়াল ভাঙ্গার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

(ঙ) উপজেলা পরিষদ লাইব্রেরী কাম ল্যাংগুয়েজ ক্লাব নির্মানের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন ও সিপিপি অফিস স্থানান্তরের বিষয়ে আলোচনা হয়।

(চ) উপজেলা পরিষদ পুরাতন ভবনের সম্মেলন কক্ষটি উপজেলা শিল্পকলা একাডেমী কাম-ট্রেনিং সেন্টার হিসেবে ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ৪৯৭ তারিখ ঃ ০৯ মার্চ ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, .............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

৯.৩.২৩

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd